

আন্দোলনের মুখে ভিসিসহ তিনজনের পদত্যাগ

নিজস্ব
প্রতিবেদক,
চট্টগ্রাম

০৮ ডিসেম্বর,
২০২৪ ০০:০০

শেয়ার

অ +

অ -



শিক্ষার্থীদের আন্দোলনের তিন দিনের মাথায় পদত্যাগ করেছেন চট্টগ্রামের প্রিমিয়ার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. অনুপম সেন। গত শুক্রবার রাতে বিশ্ববিদ্যালয়ের আচার্য রাষ্ট্রপতির কাছে পদত্যাগপত্র পাঠিয়েছেন তিনি। তবে পদত্যাগপত্রে বার্ষিক্যজনিত কারণে ওই দিন থেকে দায়িত্ব পালনে অনীহা প্রকাশ করেছেন বলে জানা গেছে। এ ছাড়া একই দিন উপাচার্যের পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক কাজী শামীম সুলতানা এবং কোষাধ্যক্ষ তৌফিক সাঈদও পদত্যাগ করেছেন।

বিষয়টি গতকাল নিশ্চিত করেছেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির। তারা জুলাই বিপ্লবের বিরোধী এবং স্বৈরাচারের দোসর ছিলেন এমন অভিযোগ রয়েছে।